REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

৯ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৫ই বৈশাখ বুধবার ১৩৩০ ইংরাজী 18th April. 1923. | ৪০শ সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১।০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া স্বয়ং আসিয়া বা করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## টাকার অষ্টোত্তর শতনাম।

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যোদ্দীপক অনুকরণ। মূল্য মাত্র ৴০ এক আনা। ৴৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া হয়।

ম্যানেজার
জঙ্গিপুর সংবাদ অফিস।
পোঃ রঘুনাথগঞ্জ।
(মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।
রঘুনাথগঞ্জ।




দর্পণ সাহায্যেই রমণীয় সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। রূপে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠত্বই উহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোকে, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোড়নার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থম্মন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের পক্কতা দমনে ও মুখশ্রী বৃদ্ধিকরণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৶০ ছয় আনা। তিন শিশি ২৷০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

## অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উদ্ভিদ মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহৌষধি। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক ঋষি চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীর রক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে নির্মুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৷০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৷৵০ নয় আনা।

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিদের অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোংর

## আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

গত ২৯ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

## ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতেই ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, বেশি চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাইতে পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" মাঝারি শিশি ২৷০
" ছোট শিশি ১৷০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত, সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

## ডাঃ কিশোরীমোহন সিংহ এম, বি,

চক্ষু চিকিৎসায় বিশেষজ্ঞ

—!০ঃ—

মেডিক্যাল কলেজ হাসপাতাল ও দ্বারভাঙ্গা সরকারি হাস-
পাতালের ভূতপূর্ব লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক।

সর্ব্বপ্রকার চক্ষুরোগ চিকিৎসা

ও বৈজ্ঞানিক উপায়ে চক্ষু পরীক্ষা করিয়া চশমার ব্যবস্থা ও
ব্যবস্থানুযায়ী প্রকৃত চশমা সংগ্রহ করিয়া দিয়া থাকেন।

যাবতীয় দুর্ব্বোধ ও দুরারোগ্য ব্যাধি

রক্ত কফ প্রস্রাবাদি পরীক্ষা করিয়া

রোগ নির্দ্ধারণ পূর্ব্বক আধুনিক বৈজ্ঞানিক উপায়ে ভ্যাক্সিন
ও এমিটিন্ আদি ইন্‌জেক্‌সন ও ঔষধ প্রয়োগ
করতঃ আরাম করেন।

চিকিৎসার্থী মফঃস্বলবাসীগণ—

কলিকাতা মহানগরীতে উপস্থিত হইয়া সুচিকিৎসকের সন্ধান
করিতে বিশেষ বেগ পাইয়া থাকেন। তাঁহাদের
অসুবিধা দূরীকরণের বিজ্ঞাপন এই
দেওয়া হইল।

রোগী দেখা ও পরামর্শের সময় ও স্থান ঃ—

প্রাতে ৭টা হইতে ৯টা পর্য্যন্ত—নিজ বাসাবাটী ৫০।৩ কারণ
মুখার্জ্জির রোড ভবানিপুর, কলিকাতা।
বৈকালে ৪টা হইতে ৬টা পর্য্যন্ত—মেডিকেল হোম্‌
১৯৭ কর্ণওয়ালিস ষ্ট্রীট,
কলিকাতা।


---

সংবিভেত্তাঃ দেবেভ্যোনমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৫ই বৈশাখ বুধবার ১৩৩০ সাল।

## দেশের দশা।

—:০:—

খুব গরম পড়িয়াছে। মধ্যাহ্নে দ্বাদশ সূর্য্যের উদয় হইতেছে। ভোর রাত্রির শীত কিন্তু যায় নাই। নিউমোনিয়াও আশে পাশে ঘুরিতেছে। বাগ পাইলে দুই একটী ছোঁ মারিতেছে। বৃষ্টি নাই। ভাদুই ধান্য বপনের সময় যাইতেছে। মধ্যে একদিন একটু বৃষ্টি হইয়াছিল কিন্তু জল অপেক্ষা শিলা বৃষ্টিই বেশী। ইহাতে উপকার ত হয় নাই, বরং আমের দফা রফা করিয়াছে। রাস্তার ধূলিও ভিজে নাই। চাউলের দর ৵৯। সওয়া নয় সের।

## আম্র ফল।

—:০:—

এবারে এতদঞ্চলে আম জন্মায় নাই বলিলেই হয়। অধিকাংশ বৃক্ষেই কচি পাতা দৃষ্ট হইতেছে। টক খাইবার জন্য কাঁচা ছোট আম পয়সায় একটি করিয়া বিক্রয় হইতেছে। পাকা আমের না জানি কি দর হইবে। অনেক লোক আম্রের সময় আমের ব্যবসা করিয়া জীবিকা [illegible]র্ব্বাহ করে। এবারে তাহাদের সে ব্যবসায় মারা পড়িল বলিয়া বোধ হয়।

## সতীর তেজ।

—:০:—

১০নং বাদুড়বাগান লেনের সমরেন্দ্র নাথ মিত্র গত শুক্রবারে মারা যান। তাঁহার সাধ্বী সতী পত্নী শতদলবাসিনী স্বামীর শোক সহ্য করিতে না পারিয়া দুই ঘণ্টা পরে নিজেও প্রাণত্যাগ করেন। স্বামী স্ত্রী উভকেই এক চিতায় ভস্মীভূত করা হয়। মৃত দম্পতীর আলোক চিত্র তুলিয়া শ্মশানে তাঁহাদিগকে পুষ্পমালে বিভূষিত করা হইয়াছিল।

## কে দায়ী?

—:০:—

অনেকেই বোধ হয় জানেন যে শ্রীযুক্ত পণ্ডিতপাবন পট্টনায়কের প্রতি এক বছরের কারাদণ্ডের হুকুম হয়েছেল। তাঁকে ১০৮ ধারায় ফেলা হয়েছেল। অপরাধ—অসহযোগী ছেলের বাবা। তাঁর বয়স প্রায় ৭০ সত্তর বছর। পুরী জেলার অন্তর্গত কনকেটা গ্রামে বাস। কারাগারে নিউমোনিয়ায় বুড় মানুষের গতিক খুব খারাপ হওয়ায় মরবার ৪ দিন আগে ছাড়ান পান। এখন বলুন দায়ী কে? সরকার না ছেলে?

## নাবালক সম্পাদক।

—:০:—

আমেরিকার বোষ্টন নগরে একটী ১২ বার বছরের ছেলে দু'খানা সাপ্তাহিক সংবাদ পত্র চালাচ্ছে। দুখানারই সম্পাদক সেই ছেলেটি। ছেলেটির নাম এইচ, সার্প।

## বুঝে চল।

—:০:—

বার্ণস নামে এক সাহেব শ্রীরামপুরের এক জুট-মিলের ম্যানেজার। তিনি তাঁর আত্মবল প্রকাশ করে' মিঃ সিংহের আদালতে ফৌজদারী আইনে পড়েছেন। প্রথমে ঐ মকদ্দমাটীর তদন্ত একজন অনারারী ম্যাজি-ষ্ট্রেট করেছেলেন। মকর্দ্দমার ব্যাপারটা হ'ল এই যে বার্ণস একদিন হাওয়াগাড়ী চড়ে যাচ্ছেলেন, এমন সময়ে ৭ সাত বছরের একটা অজ্ঞ শিশু, শিশু-বুদ্ধিতে বুঝি সাহেবের রথের দিকে ঢিল ছুঁড়েছেল। মেজাজ গরম সাহেবটি অমনি রুদ্রমূর্ত্তি ধারণ করে শিশুটীর পেছুনে তাড়া করে। বেচারা শিশু ভয়ে দৌড়ে নিজের ঘরের ভিতর মার কোলে আশ্রয় নেবার চেষ্টা করে। তার মা হ'ল পরাধীন দেশের একজন দুঃখিনী বিধবা। সাহেব হ'ল রাজার জাত; তাই সে জোর করে' ঘরের ভিতর ঢুকে দুগ্ধপোষ্য শিশুটীকে প্রহার করে। বিধবা শিশুর কান্না দেখে সাহেবের পায়ে ধরে মাপ চায়; তাতেও সাহেব সন্তুষ্ট না হয়ে পাশবিক প্রবৃত্তিতে বশীভূত হয়ে বিধবা স্ত্রীলোককে লাথি মেরে, শিশুটীকে জোর করে বাহিরে এনে গাড়ীর সঙ্গে জোর করে তার মাথা ঠুকে দেয়। অনারারী ম্যাজিষ্ট্রেটও বার্ণসের বিপক্ষে রিপোর্ট দিয়েছেন। কিম্ কর্ত্তব্যম্?

## দোমেটে হিঁদু।

—:০:—

প্রায় সাড়ে চার লাখ মুসলমান রাজপুত পুনরায় হিন্দু হতে চাচ্ছে। মুসলমান রাজত্বের সময় এদের জোর করে মুসলমান ধর্ম্মে দীক্ষিত করা হয়েছেল। সম্প্রতি আগ্রা জেলার প্রায় ৩০০ জন মুসলমানি রাজ-পুতকে হিন্দুধর্ম্মে গ্রহণ করা হয়েছে। রক্তের কি টান! এতে বোঝা উচিত যে ধরে বেঁধে প্রেম করলে সে একদিন burst করবেই!

## আমেরিকার নিগ্রো।

—:০:—

গত বৎসর প্রায় ৬০ জন নিগ্রোকে নিষ্ঠুরভাবে খুন করা হয়। ইহাদের অপরাধ ইহারা নাকি সাদাচামড়ার সঙ্গে ঝগড়া করে এবং কথায় কথায় তাদের ভয়ও দেখায়। ৭ জন নিগ্রোকে জীবন্ত পুড়িয়ে মারা হয়, আর তিন জনকে প্রথমে নৃশংসভাবে খুন করে পরে অগ্নিদেবকে আহুতি দেওয়া হয়। আমেরিকা যে সভ্য বলিয়া গর্ব্ব করে।

## গবর্ণরের প্রত্যাগমন।

—:০:—

বঙ্গের গবর্ণর লর্ড লিটন পত্নী ও পুত্র কন্যাদের বিলাত যাইবার জন্য বোম্বায়ে জাহাজে তুলিয়া দিয়া নিজে বোম্বাই লাটের অতিথিরূপে বোম্বাই লাটের শৈল-বিহারস্থল মহাবলে-শ্বরে বিহার করিয়া গত শনিবার সঙ্গোপাঙ্গ কলিকাতায় ফিরিয়া আসিয়াছেন। গবর্ণর কলিকাতায় পদার্পণ করিয়া এ নিদাঘে আর বেশী দিন থাকিতে পারেন নাই, গত মঙ্গলবার স্পেশাল ট্রেণে তিনি তাঁহার শৈল-রাজধানী দার্জ্জিলিঙ্গ যাত্রা করিয়াছেন। বিলাতের প্রধান মন্ত্রীও সর-কারী কাজে সাধারণ ট্রেণে গমনাগমন করিয়া থাকেন আর ভারতের প্রাদেশিক গবর্ণর এমন কি তাঁহার স্ত্রী পর্য্যন্তও কোথাও পা বাড়াইতে হইলে স্পেশাল ট্রেণের হুকুম করিয়া থাকেন। এই স্পেশাল ট্রেণের ব্যয়ভার বহন করে গরীব দেশবাসী। এবার লাট সাহেবের আগু পাছু যে দলবল যাইতেছেন, তাঁহারা পূর্ব্ব পূর্ব্ব বারের অপেক্ষা কম। এই দার্জ্জিলিঙ্গ-বিহার কেলেঙ্কারী যতদিন না বন্ধ হয়, ততদিন এই বিহারে যতটা খরচ কমে, ততটাই ভাল। লাট সাহেব ও বড় বড় রাজপুরুষদের মাথা ঠাণ্ডা রাখিতে গরীব দেশবাসীর গলায় পা দিয়া এত টাকা অপব্যয় করা হয় যে, কোন সভ্য দেশের পক্ষে তাহা লজ্জাজনক। তবে এই অপব্যয়ের মাত্রা বাড়াইয়া আমাদের দেশী মন্ত্রীমহাশয়েরা দার্জ্জিলিঙ্গ-বিহারে লাট ও বড় বড় রাজপুরুষদের সুখের ভাগ লইয়া থাকেন। সে মেন্টালিটিতে দেশী বিলাতী সব সমান।

## জাপানে জব্দ।

—:০:—

জাপানে একজন ইউরোপীয় এক জাপানী স্ত্রীলোকের গায়ে হাত তুলিয়া টের পাইয়াছেন। ইনি যে সে ইউরোপীয় নহেন, ইনি জাপানের কোন সহরের নরওয়ের কনসল ছিলেন। ইঁহার নাম মিঃ হারল্ড নাইহুস। ইনি একদিন প্রাতঃকালে একটী জাপানী স্ত্রীলোককে মারিয়াছিলেন। আর কথাটী নাই, ঐ অত বড় ইউরোপীয় দূতকে জাপানী পুলিশ ধরিল। জাপানের ইউরোপীয় মহলে একটা চাঞ্চল্য হইল জাপানের নরওয়ের প্রধান দূত আসামীকে রক্ষা করিবার প্রাণপণ চেষ্টা করিলেন। তাঁহারা চেষ্টা করিলেন, যাহাতে নরওয়ের পররাষ্ট্র বিভাগ এই ব্যাপারে হস্তক্ষেপ করেন, কিন্তু জাপানের সহিত ইহা লইয়া নরওয়ে ঝগড়া বাধাইতে সম্মত হইলেন না। মিঃ হারল্ড নাইহুসের জাপানের আদালতে বিচার হইল। বিচারে জাপানী স্ত্রীলোককে মারার জন্য মিঃ হারল্ড নাইহুসের তিন বৎসর জেল এবং এই মামলার খরচ দিবার হুকুম হইয়াছে। "এ ভারত নয় যে, পঞ্জাবী রমনীর সতীত্ব নষ্ট করিয়া বড় জোর পঞ্চাশ টাকা জরিমানা দিয়া রেহাই পাইবে।" জাপানে ইউরোপীয়ের জাপানী স্ত্রীলোকের মারের উপযুক্ত মূল্য আছে।

## মৃতের পুনর্জ্জীবন লাভ।

—:০:—

"মেদিনীপুর হিতৈষী" জানাইতেছেন কিছুদিন পূর্ব্বে মেদিনীপুর থানার অন্তর্গত রাগড়া গ্রামের বাবু সুরেন্দ্র নাথ মণ্ডলের মাতার মৃত্যু ঘটে। আত্মীয় স্বজনেরা তাঁহাকে শ্মশান ঘাটে লইয়া যায়। চিতা সাজান হইয়াছে এমন সময় শবটিকে নড়িতে চড়িতে দেখা যায়, অবশেষে মহিলা খটিয়ার উপর উঠিয়া বসেন। তাঁহাকে পরে বাটীতে ফিরাইয়া আনা হয়, তিনি এখন বেশ সুস্থ আছেন।

## চাকরির বাহার।

—:০:—

সংবাদ পত্রে প্রকাশ, কলিকাতার ছোট আদালতে একজন এম-এ বি-এল ৪০৲ টাকা বেতনে চাকরী গ্রহণ করিয়াছেন। আর একজন আই-এস-সি ১৫৲ টাকা বেতনে পিয়নের কার্য্যে নিযুক্ত হইয়াছেন, কুমিল্লাতেই নাকি অগ্রে ঐরূপ ব্যাপার হইয়াছিল।

## নোটিস।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জানান যাইতেছে যে, আমাদের খুড়িমাতা রঘুনাথগঞ্জ নিবাসী ৺গগন চন্দ্র সরকারের পত্নী শ্রীমতী সরোজিনী দাসীর দখলে যে সকল সম্পত্তি আছে তাহাতে তাঁহার বিক্রয়-যোগ্য কোন স্বত্ব নাই ও বিক্রয়ের কোন বৈধ কারণ নাই। তিনি হিন্দু বিধবা। আমরা ভাবি উত্তরাধিকারী কেহ তাঁহার নিকট কোন সম্পত্তি খরিদ করিলে উক্ত খরিদের দ্বারা আমরা বাধ্য হইব না ও উক্ত খরিদ পণ্ড ও অসিদ্ধ হইবে। ইতি সন ১৩২৯ সাল তারিখ ১৮ই ফাল্গুন।

শ্রীদুর্গাচরণ সরকার।
শ্রীশ্যামাচরণ সরকার।
শ্রীরাধা গোবিন্দ সরকার।
সাং রঘুনাথগঞ্জ।

জ্বরের করাল ছায়ায়

ম্রিয়মান হবে না। ম্যালেরিয়া, প্লীহা, যকৃৎ, কাস এবং অপরাপর সর্ব্বপ্রকার নূতন ও পুরাতন জ্বরের ভীষণ আক্রমণ হ'তে পরিত্রাণ করবে—

## অমৃতাদি বটিকা

এই ঔষধের বিশেষত্ব, একবার অসুখ নিরাময় হ'লে পুনরাক্রমণের আশঙ্কা থাকে না—কুইনাইন ব্যবহারে আটকান জ্বরে ইহা আশু ফলপ্রদ। ব্যবহার বিধি সহজ ও নির্ব্বাচিত নিয়মাদি প্রতি কৌটার সহিত থাকে।

৪৫ বটিকা পূর্ণ এক কৌটা ১৲ টাকা।

## জবাকুসুম তৈল

গুণে অদ্বিতীয় গন্ধে অতুলনীয়

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ-তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা। ৩ শিশি ২৷৷৹ ভিঃ পিতে ৩৷৹। ৬ শিশি ৫৲, ১২ শিশি ৯৷৷৹, এক পোয়া শিশি ৩৷৹ টাকা, ১ গ্রোস ১০৮৲

ডাক মাশুল স্বতন্ত্র।

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগির একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জলসেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ ভিঃ পিতে ১৷৵

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও উত্তেজনা প্রভৃতি কাসাদি উপসর্গ সত্বর প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বৰ্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২।৹

এণ্ড কোং সি কে সেন লিমিটেড
তারের ঠিকানা: "কিউরেটিভ" টেলিফোন নং ৩ ১৭১৩ কলিঃ
২৯ নং, কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

কেন?

আপনি কি সুস্থ ও সবল হইতে চান ?

তাহা হইলে আমাদের—

"স্বাস্থ্য পুস্তক" খানি আগাগোড়া পাঠ করুন। ইহা বিনা মূল্যে এবং বিনা মাশুলে বিতরিত হইতেছে, সত্বর পত্র লিখুন।

## "জ্বরান্তক বটীকা।"

ম্যালেরিয়া ও অন্য যাবতীয় প্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ। ইহা জ্বরে এবং বিজ্বরে সেবন করা চলে। মূল্য ৪০ বটিকার কৌটার ১৲ এক টাকা মাত্র!

## বিসূচিকা বটীকা।

ইহা কলেরা বা ওলাউঠা রোগের অব্যর্থ মহৌষধ। উদরাময়, আমাশয় প্রভৃতি যাবতীয় পাকস্থলীর পীড়ারও একটী আশ্চর্য্য ফলপ্রদ ঔষধ। মূল্য ৩০ বটিকার কৌটা ১৲ টাকা মাত্র।

### মনি তৈল।

সাজ সজ্জার প্রধান অঙ্গীয় ও বিলাসের শ্রেষ্ঠ দ্রব্য। কেশে মর্দ্দন করিলে কেশ সুচিক্কণ ও কোমল হয়। মুখের ব্রণ ও মেচেতা ইন্দ্রজালের ন্যায় নিঃশেষ করে। মস্তিষ্কের উপর ইহার শৈত্যগুণ বর্ণনাতীত।

মূল্য ৫ তোলার ১ শিশি ১৲।

### চন্দ্রপ্রভা বটিকা।

ইহা সেবনে নূতন পুরাতন মেহ, মূত্র কৃচ্ছ, কোষবৃদ্ধি. অর্শ, শ্বেত ও রক্ত প্রদর এবং সূতিকা রোগ দূর হয়। ১৬ ষোল বটিকা পূর্ণ এক কৌটার মূল্য কেবলমাত্র ১৲ এক টাকা।

কবিরাজ—

**মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।**

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়

২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

# ইলেক্ট্রিক স্যালিউসন



মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমার অর্থাৎ সামান্য ৷৷০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমরস-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টরক্ত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারী। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাধাবাধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, জোকালীন জ্বর, মজ্জাগত ও মেদগত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্ক অব রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, সুগন্ধি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটিবাজার, কলিকাতা।

১নং। **দামোদর সুধা।** ঃ— মূল্য ॥৵০

ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র।




২নং বিনা অস্ত্রে আরোগ্য

**অপেরীশন।** ঃ—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীতলী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ।।০ আনা।

৩নং। **স্পিরিট ক্যাম্ফর** ঃ—ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৵০ আনা একত্রে ৩ শিশি ১৲।

৪নং। **একজিমা** ঃ— একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।**

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা